## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহে প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া কায়েম হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই ভাদ্র বুধবার ১৩৬৭ ইংরাজী 24th Aug. 1960 { ১৫শ সংখ্যা




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই ভাদ্র বুধবার সন ১৩৬১ সাল।

## স্বাধীন ভারত

—০—

ভারতের মুসলমান রাজত্ব ঘুচিয়েছিল ইংরেজ। ইংরেজ রাজত্ব ঘুচিয়ে এদেশবাসীর রাজত্ব ও দিল্লীর সিংহাসন যেমন করেই হউক ভারতবাসীর শাসনাধীনে এলো "স্বাধীনতা" দিবসের দিনে নয়। কিছুদিন পরে। স্বাধীনতা দিবসে শাসক ছিলেন ইংরেজের শাসক লর্ড মাউন্টব্যাটেন।

ভারতবাসীর শাসনাধিকারে এলো যখন লর্ড মাউন্টব্যাটেন শাসনভার ছেড়ে দিলেন চক্রবর্ত্তী রাজা গোপালাচারিয়ার হাতে। নামে "রাজা" শব্দ থাকিলেও তিনি সিংহাসনের বা দিল্লীর রাজা হন নাই। হইলেন গবর্ণর জেনারেল।

পরে দেশের সর্ব্বোচ্চ পদে অধিষ্ঠিত হইলেন রাষ্ট্রপতিরূপে ডাঃ রাজেন্দ্রপ্রসাদ। ইঁহারও পদ দেশবাসীর ভোটাধিক্যে, যেমন বিধান সভার সভ্য, লোকসভার সভ্য, এই যে রাষ্ট্রপতির পদও ভোটাভোটিরই অপেক্ষা করে। এখন কংগ্রেস দলভুক্তগণের পক্ষে এই রাষ্ট্রপতি কংগ্রেস দলভুক্ত রাষ্ট্রপতি। ইনি ভারতের রাজধানী দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বিহার দেশের অধিবাসী। ইঁহার মাতৃভাষা হিন্দী। ইনি যখন রাষ্ট্রপতি হইবার সৌভাগ্য লাভ করেন নাই, তখন পশ্চিম বাংলা যখন বিহারের বাংলা ভাষাভাষী অঞ্চল ইংরেজ অন্যায় করিয়া বিহারের সামিল করিয়া দিয়াছিল এই অজুহাতে তাহা পশ্চিম বাংলার এলাকাভুক্ত করার দাবী করিলে ইনি তাঁহার মাতৃভূমির (ইংরাজের খামখেয়ালীর জন্য) লব্ধ অংশ যাহাতে পশ্চিম বাংলার সামীল না হইতে পারে, স্বাধীনতা লাভের পর পাটনায় যে উকীল স্বভাব সুলভ যুক্তিপূর্ণ বক্তৃতা দিয়াছিলেন তাহা হুবহু উদ্ধৃত করিয়া দিলাম। মহামান্য রাষ্ট্রপতি গত স্বাধীনতা দিনে মাদ্রাজে হিন্দী ভাষা সম্বন্ধে অপক্ষপাতিত্ব দেখাইয়া যে আশ্বাস দিয়াছেন, ভারতের প্রাক্তন গবর্ণর জেনারেল বর্ত্তমানে স্বতন্ত্র দলের সৃষ্টিকর্ত্তা চক্রবর্ত্তী রাজা গোপালাচারিয়া যে বিশ্বাস করিয়াছেন আমরা তাহা "আশ্বাসে বিশ্বাস" আখ্যা দিয়া প্রকাশ করিলাম।

## অবিকল উদ্ধৃতি

## "Non-Hindi Areas of Bihar

### West Bengal's Claim.

**Dr. Rajendra Prasad's Speech at Patna.**

Dec. 20—Speaking at the local Hindi Sahitya Sammelan on the occasion of opening the libraries for the children's and the women's section this evening Dr. Rajendra Prasad snubbed Bihar Hindi Sahitya Sammelan in not propagating Hindi in Singbhum and Dhalbhum areas, which has resulted in West Bengal's claiming these areas.

He said: "It is because of the negligence and inactivity of Bihar Provincial Hindi Sahitya Sammelan that Singbhum and Dhalbhum are besng claimed by West Bengal for their being non-Hindi speaking areas."

Continuing he observed there were vast tracts in Bihar where Hindi was not widely spoken and it is the bounden duty of Hindi Sahitya Sammelan to advance the cause of the Hindi language in these areas. In this connection he emphasised the need of propagating Hindi in Singbhum, Dhalbhum and such other areas so that these tracts might be claimed as absolutely Hindi speaking areas and thus the danger to territorial integrity of Bihar might be averted.

He further said there were about 50 lakhs of aborigines in Chotanagpur and Santhal Parganas who can not speak or understand Hindi. The Sammelan must take the responsibility of spreading Hindi, the national language of India among them."

## বিহারের অহিন্দী ভাষাভাষী অঞ্চল পশ্চিম বঙ্গের দাবী

**পাটনায় ডাঃ রাজেন্দ্রপ্রসাদের ভাষণ।**

ডিসেম্বর, ২০—অদ্য সন্ধ্যায় বালক-বালিকা ও মহিলা বিভাগের জন্য পাঠাগারের দ্বারোদ্ঘাটন উপলক্ষে স্থানীয় হিন্দী সাহিত্য সম্মেলনে ভাষণ-দান কালে ডাঃ রাজেন্দ্রপ্রসাদ সিংভূম ও ধলভূম অঞ্চলে হিন্দীভাষা-বিস্তারে অবহেলা করায় বিহার-হিন্দী-সাহিত্য-সম্মেলনকে ধমক দিয়া বলেন—তাঁহাদের অবহেলার ফলেই পশ্চিম বঙ্গ এই অঞ্চলগুলি দাবী করিতেছে।

তিনি বলেন, "বিহার প্রাদেশিক হিন্দী-সাহিত্য সম্মেলনের অবহেলা এবং অক্ষমতার জন্যই পশ্চিম বঙ্গ সিংভূম ও ধলভূম অহিন্দী ভাষাভাষী অঞ্চল বলিয়া উহাদের উপর দাবী উত্থাপন করিয়াছে।"

তিনি আরও বলেন, "বিহারে বিস্তৃত অঞ্চল হিন্দী ভাষা ব্যবহার করে না এবং এই সমস্ত অঞ্চলে হিন্দী ভাষার স্বার্থবিধানে চেষ্টা করা হিন্দী-সাহিত্য-সম্মেলনেরই অবশ্য করণীয়।" এতৎ সম্পর্কে তিনি সিংভূম, ধলভূম এবং এই প্রকার অন্যান্য অঞ্চলে হিন্দী বিস্তারের প্রয়োজনীয়তার উপর জোর দিতে বলেন, যাহাতে এই স্থানগুলি সম্পূর্ণ হিন্দী ভাষাভাষী অঞ্চল বলিয়া দাবী করা যাইতে পারে; বিহার রাজ্যের অখণ্ডতায় যে বিপদ দেখা দিয়াছে এই প্রকারেই তাহা অপসারিত হইতে পারে।

তাঁহার ভাষণে তিনি ইহাও উল্লেখ করেন—ছোট নাগপুর ও সাঁওতাল পরগণায় প্রায় ৫০ লক্ষ আদিম অধিবাসীর বাস, উহারা হিন্দী বলিতে অথবা বুঝিতে পারে না। ইহাদের মধ্যে ভারতের জাতীয় ভাষা হিন্দী প্রচারের দায়িত্ব সম্মেলনকেই লইতে হইবে।"

## আশ্বাসে বিশ্বাস

মাদ্রাজে স্বাধীনতা দিবস উপলক্ষে বক্তৃতা প্রসঙ্গে রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বলিয়াছেন যে, অ-হিন্দীভাষীদের উপর হিন্দী চাপাইয়া দেওয়া হইবে না। তাঁহার এই উক্তি উদ্ধৃত করিয়া চক্রবর্ত্তী রাজাগোপালাচারী এক বিবৃতিতে বলিয়াছেন যে,

রাষ্ট্রপতির এই আশ্বাসকে আইনের রূপ দেওয়া আবশ্যক। রাষ্ট্রপতির উল্লিখিত উক্তি সরকারী-ভাবে করা হয় নাই। উহা বেসরকারী উক্তি ছাড়া আর কিছুই নয়। হিন্দী ভাষাকে অহিন্দী-ভাষীদের উপর চাপাইয়া দিবার জন্য ব্যাপকভাবে চেষ্টা করা হইতেছে। এই প্রচেষ্টার পিছনে রহিয়াছে রাজনৈতিক শক্তি, এ কথাও অস্বীকার করা সম্ভব নয়। রাষ্ট্রপতি যে আশ্বাস দিয়াছেন, প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরুও সেই আশ্বাসই দিয়াছেন, কিন্তু শুধু আশ্বাসই বর্ত্তমান অবস্থায় পর্য্যাপ্ত বলিয়া গণ্য হইতে পারে না হিন্দী ভাষাকে যে অ-হিন্দী-ভাষীদের উপর চাপাইয়া দেওয়া হইবে না, সে সম্পর্কে আইন রচিত হওয়া আবশ্যক। রাষ্ট্রপতি ও প্রধান মন্ত্রী যে আশ্বাস দিয়াছেন তদনুসারে আইন প্রণীত হইতে তাঁহাদের কোন আপত্তি থাকিতে পারে না। আপত্তি থাকিলে এই আশ্বাসে লোকে আশ্বস্ত হইবে কিরূপে?

---

## আমোদপুরে কাগজকল

সহযোগী 'বীরভূম বাণী'তে প্রকাশ, ন্যাশন্যাল সুগার মিলস্ লিমিটেড, বীরভূম জেলার আমোদপুরে একটি কাগজকল স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের নিকট দাখিল করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। প্রকাশ, প্রস্তাবিত আমোদপুর কাগজ কলে কাঁচামাল হিসাবে বাগাসি (আখের ছোবরা) ব্যবহার করা হইবে। জানা গিয়াছে, উক্ত কাগজ কল স্থাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম সরবরাহের জন্য একটি বিদেশী প্রতিষ্ঠানের সহিত আলাপ আলোচনা প্রায় সমাপ্ত হইয়াছে। এই কারখানায় বৎসরে ৫,০০০ টন কাগজ উৎপন্ন হইবে বলিয়া আশা করা যায়। বাগাসি হইতে কাগজ উৎপাদনের কল পশ্চিমবঙ্গে ইহাই প্রথম। ১৯৬২ সালে এই প্রস্তাবিত কাগজের কলে কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

---

**জমি বিক্রয়**—রঘুনাথগঞ্জ তরকারীর বাজারের উত্তর সংলগ্ন দুই শতক জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীইন্দ্রচন্দ্র বড়াল, রঘুনাথগঞ্জ বাজারপাড়া।

## ভেজাল দুগ্ধ বিক্রয়ে অর্থদণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে নিস্তা নিবাসী শ্রীদ্বিজপদ ঘোষকে ৩০৲ টাকা ও শ্রীবীণাপাণি ঘোষানীকে ১৫৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## পায়খানা ধ্বসিয়া মৃত্যু

গত ৭ই ভাদ্র মঙ্গলবার রঘুনাথগঞ্জ থানার পানানগর গ্রামের শ্রীওদাত সেখের গর্ভবতী কন্যা কুয়ো পায়খানা ধ্বসিয়া গর্ত্তের মধ্যে পড়িয়া যায় এবং উহাতেই তাহার মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ। দুইজন লোক উহাকে তুলিতে গিয়া দূষিত গ্যাসে একজন অজ্ঞান হইয়া পড়ে। বর্ষার জলে মাটী আল্‌গা হইয়া যাওয়ায় এই দুর্ঘটনা ঘটিয়াছে বলিয়া অনুমান করা যাইতেছে।

---

## নোটীশ

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে আমি রঘুনাথগঞ্জ-প্রতাপপুর-সোনাটিকুরী কো-অপারেটিভ মাল্‌টিপারপাস সমিতি লিমিটেডের ৩০।৬।৬০ শেষান্তিক বৎসরের সংবিধিবদ্ধ হিসাব পরীক্ষায় কার্য্য সুরু করিয়াছি। সুতরাং উপরোক্ত সমিতির প্রত্যেক আমানতকারী, পাওনাদার, দেনদার এবং সদস্যকে তাঁহাদের নিজ নিজ পাওনা এবং/অথবা দেনার ব্যালেন্স এবং অংশের ব্যালেন্স (৩০।৬।৬০ তারিখ পর্য্যন্ত) যেরূপ হইতে পারে তাহা ২৫।৮।৬০ তারিখ হইতে ৩০।৮।৬০ তারিখ পর্য্যন্ত রঘুনাথগঞ্জস্থিত সমিতির অফিসে, অফিস খোলা থাকা কালে, আমার নিকট সত্য বলিয়া প্রতিপন্ন করিতে অনুরোধ করিতেছি। অন্যথায় সমিতি কর্ত্তৃক প্রদর্শিত হিসাব চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে। ২০।৮।৬০

শ্রীরামগতি মুখোপাধ্যায়
অডিটার কো-অপারেটিভ সোসাইটিজ
অডিট অফিসার
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## একই নৌকায় ঘোড়া মানুষ

রঘুনাথগঞ্জ সদরঘাট ও ডোমপাড়া খেয়াঘাটে একই নৌকায় যাত্রী ও ঘোড়া পারাপার করিতে দেখা যায়। ভাদ্র মাসের ভরা নদীতে ইহা যে কত বিপজ্জনক তাহা ইজারদার খেয়াল করেন না। এই বিষয়ে মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১২ই সেপ্টেম্বর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

১৭ স্বত্ব ডিঃ ফড়িং ঘোষ দিং দেং সনৎকুমারী ওরফে শরৎকুমারী দাসী দাবি ১০৫ ৪২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলী ৬০ শতকের কাত ৩/৩ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধেক অংশে ৩০ শতকের হারাহারি খাজনা ১ টাকা ৫৪ নঃ পঃ আঃ ১০০৲ খং ৮০

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৯শে সেপ্টেম্বর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৯ খাং ডিঃ ব্রজেশচন্দ্র সিংহ দিং দেং রাখাল মণ্ডল দিং দাবি ২৪ টাকা ৬২ নঃ পঃ থানা ফরাক্কা মৌজে পরাণপাড়া ৪৮ শতকের কাত ২৮৵৬ আঃ ২৫৲ খং ১৭২৯ স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ২৪শে অক্টোবর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

১৭ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং সৌরেন্দ্র-মোহন বাগ্‌চি দিং দাবি ৩১ টাকা ২২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৩-১৩ শতকের কাত ২৫৲ আঃ ২৫৲ খং ৬৬৫ আদালত মূল্য ৪৮০৲

---

## বসবাসের জন্য জমি বিক্রয়

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ৫নং ওয়ার্ডে বাসুদেবপুর মৌজায় হাইরোডের উপর সিনেমা হাউসের সম্মুখে ১৪ কাঠা জমি বিক্রয় হইবে। নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীকমলাকান্ত বড়াল
রঘুনাথগঞ্জ, কাপড় ও বাসনের দোকান।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি. কে. সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।১, [illegible] ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : আর্ট ইউনিয়ন — টেলিফোন : [illegible]

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটি, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়



আমেরিকার আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটার সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৽ টাকা ও মাশুলাদি ১৵৽ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
কড়েপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিমলকুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।